

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৩৩

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

আরবী

أَخْبَرَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا حَمَّادٌ عَنْ قَيْسٍ عَنْ مُجَاهِدٍ قَالَ قِيلَ لِابْنِ عَبَّاسٍ إِنَّ أَرْضَهَا أَرْضَ بَارِدَةٌ فَقَالَ تُؤخِّرُ الظُّهْرَ وَتُعَجِّلُ الْعَصْرَ وَتَغْتَسِلُ غُسْلًا وَتُؤخِّرُ الْمَغْرِبَ وَتُعَجِّلُ الْعَصِر وَتَغْتَسِلُ غُسْلًا وَتَغْتَسِلُ عُسْلًا فَصَعْرَ فَسُلًا إِسناده صحيح

বাংলা

৯৩৩. মুজাহিদ থেকে বর্ণিত, তিনি বলেন, ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলা হলো: সে মহিলার দেশ (কুফা) খুব ঠাণ্ডার দেশ। তখন তিনি বললেন: সে যুহর সালাতকে পিছিয়ে দেবে এবং আসর সালাতকে আগে আগে আদায় করবে, আর (এ দু'টি সালাতের জন্য) একবার গোসল করবে; অনুরূপভাবে মাগরিবকে পিছিয়ে দেবে এবং ঈশাকে আগে আগে আদায় করবে, আর (এ দু'টি সালাতের জন্য) আরেকবার গোসল করবে। আর ফজর সালাতের জন্য একবার গোসল করবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: তাহাবী, শারহু মা'আনিল আছার ১/১০১-১০২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন